



সাইন্স কোর্স

এস.এস.সি. রিভিশন প্রোগ্রাম-২০২১

বিষয় : বাংলা ১ম পত্র (Ban-1-3)

গীতাঞ্জলি

Date: 19-10-2020

বিষয় কোড
১ ০ ১

Set-A

সময় : ১ ঘণ্টা ১৫ মিনিট

পূর্ণমানঃ ৩০

দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্ব সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রতিটি বিভাগ হতে একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। শাহরিয়ার সিকদার ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর গ্রামের মানুষেরা দুই ভাগে বিভক্ত হয়ে যায়। একদল শাহরিয়ার সিকদারের পিছু পিছু তোষামোদ করে বেড়ায়। আর অন্যদল চেয়ারম্যানের অন্যান্য-অত্যাচারী স্বভাবের বিরুদ্ধে মনে মনে প্রতিবাদী হয়ে ওঠে। একদিন শাহরিয়ার সিকদারের লোকেরা গ্রামে দরিদ্র চাষি আজাদকে বিনা কারণে মারধর করে। এতে গ্রামের অন্য দলটি প্রতিবাদ করতে চাইলে চেয়ারম্যানের সাঙ্গপাঙ্গরা অরাজক পরিবেশ সৃষ্টি করে।
- ক) কার হস্তক্ষেপে লোক জড়ো হয়? ১
- খ) “ওর সামনে জেগে ওঠে একটি ভয়াবহ কুটিল রাত”-ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের সাথে ‘কাকতাদুয়া’ উপন্যাসের সাদৃশ্য আলোচনা কর। ৩
- ঘ) “উদ্দীপকের বিষয়টি ‘কাকতাদুয়া’ উপন্যাসের একমাত্র উপজীব্য নয়”- মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪
- ২। রাজাকার, আলবদর আর পাকিস্তানি সেনারা গ্রামের পর গ্রাম পুড়িয়ে দিয়েছে। নিরীহ গ্রামবাসীদের ধরে নিয়ে নদীর ধারে প্রকাশ্যেই গুলি করে হত্যা করেছে; যেন আখাসন, গনহত্যা, লুটতরাজ ও অগ্নিসংযোগের বীভৎস চিত্রের সমাহার। অন্যদিকে টুকি হানাদারদের প্রতিরোধে প্রত্যেক গ্রামে ও মহল্লায় সংগ্রাম পরিষদ গড়ে তোলার দিকনির্দেশনা প্রদান করা হয় এবং যার যা আছে তাই নিয়ে শত্রুর মোকাবেলা করার প্রস্তুতি নেওয়ার আহ্বান করা, শত্রুকে নির্মূল না করে ক্ষান্ত হবে না মুক্তিযোদ্ধারা।
- ক) মুখ খুবড়ে কে পড়ে যায়? ১
- খ) বুধা ফুলকলিকে জয়বাংলা বলে ডাকতে চায় কেন? ২
- গ) “উদ্দীপকের বাংলাদেশ ‘কাকতাদুয়া’ উপন্যাসের পুড়ে যাওয়া বাজারের প্রতিরূপ।”-উক্তিটি ব্যাখ্যা কর। ৩
- ঘ) “এ যেন অন্যায়ের বিরুদ্ধে ন্যায় প্রতিষ্ঠার সংগ্রাম।” উদ্দীপক ও ‘কাকতাদুয়া’ উপন্যাসের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩। সেপ্টেম্বর হায় একান্তর

লক্ষ লক্ষ মানুষ ভাত চেয়ে মরে

লক্ষ মানুষ শোকে ভেসে যায়

ঘরহীন ভাসে শত শত লোক।

.....

যুদ্ধ মৃত্যু তবুও স্বপ্ন

ফসলের মাঠ ফেলে আসা সুখ।

ক) কাকতাদুয়া উপন্যাসে কে এতম ছিল? ১

খ) রানির দু’চোখ বিস্মিত হয়ে উঠেছিল কেন? ২

গ) উদ্দীপকে উল্লিখিত বিষয়ের সাথে ‘কাকতাদুয়া’ উপন্যাসের সাদৃশ্য ও বৈসাদৃশ্যের দিকগুলো আলোচনা কর। ৩

ঘ) ‘একান্তরের গণহত্যা লক্ষ্য মানুষের অস্তিত্বের সংকট ও স্বপ্নের মৃত্যু’। -উদ্দীপক ও ‘কাকতাদুয়া উপন্যাসের আলোকে মন্তব্যটি যাচাই কর। ৪

৪। রাইসার অমতেই ষাট বছর বয়সী জমিদার তাকে জোর করে বিয়ে করে। বিয়ের একদিন পরেই রাইসা দুনক কোচওয়ানের সাথে বাড়ি থেকে পালিয়ে যায়। তারা নতুন সংসার গড়ে তোলে। অনেক সন্ধানের পর জমিদার রাইসাকে খুঁজে পায়। তখন নানান ফন্দিফিকির করে রাইসাকে জমিদার বাড়ি তুলে নিয়ে আসে।

ক) বহিপীরের মুরিদ কারা? ১

খ) ‘বহিপীর’ নাটকের নাম বহিপীর রাখার কারণ ব্যাখ্যা কর। ২

গ) রাইসা কি তাহেরার প্রতিরূপ চরিত্র? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৩

ঘ) জীবনের গতি একরকম হলেও পরিণতি ভিন্ন সুরের।’ -মন্তব্যটি উদ্দীপক ও ‘বহিপীর’ নাটকের প্রাসঙ্গিক বিষয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। এ যেন ক্ষয়ে যাওয়ার ইতিহাস, আশাহতের ইতিহাস, বিপর্যয়ের ইতিহাস, স্বপ্নভঙ্গের ইতিহাস। চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তিত হলে জমিদার আতিকুর রহমান স্বাধিকারের সুযোগ নিয়ে প্রজাদের থেকে ইচ্ছে মতো খাজনা বৃদ্ধিসহ বিভিন্নরকম জুলুম চালাতে থাকেন। প্রজাদের কেউ নির্ধারিত তারিখে কিস্তি পরিশোধে ব্যর্থ হলে খেলাপি ব্যক্তির সকল জমি বা বকেয়া দাবি পূরণের উপযোগী জমি নিলামে বিক্রয় করা হবে।

ক) বহিপীর নাটকের উৎস কী? ১

খ) হাশেম আলি কীভাবে কুসংস্কার ও সামাজিক অবিচারের বিরুদ্ধে প্রতিবাদী প্রতীক চরিত্র হয়ে উঠেছে ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে বিষয়টি ‘বহিপীর’ নাটকের কোন চরিত্র ও কোন সময়কালকে স্মরণ করিয়ে দেয়? -উদ্দীপকের সাথে ‘বহিপীর’ নাটকের সাদৃশ্য আলোচনা কর। ৩

ঘ) “স্বত্বাধিকার পতনে জীবনের সকল প্রান্তে বিপর্যয় ঘনীভূত হয়ে আসে।” -উদ্দীপক ও ‘বহিপীর’ নাটকের প্রাসঙ্গিক বিষয় আলোচনাসহ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪